# ALL INDIA RADIO, SILCHAR

*************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 27-05-2024

## *Time: 19:45-19:55 Hrs*

-------------------------------------

১) লোকসভা নির্বাচনের সপ্তম তথা শেষ পর্যায়ের ভোটগ্রহণের প্রাক্‌মূহুর্তে জোরদার প্রচার অভিযান ।

২) আগামী চৌঠা জুন লোকসভা নির্বাচনের ভোটগণনার পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসনগুলির প্রস্তুতি আরম্ভ।

৩) রাজ্যে অব্যাহত থাকা গরমের প্রকোপের পরিপ্রেক্ষিতে বরাক উপত্যকার তিনজেলার বিদ্যালয়গুলিতেও আজ থেকে পাঠদানের নতুন সময়সূচী ।

এবং

৪) রেমাল ঘূর্ণিঝড়ের প্রভাবে বরাক উপত্যকার তিন জেলা সহ ৭টি জেলায় রেড এলার্ট এবং ১১ টি জেলায় অরেঞ্জ এলার্ট জারি ।

---------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের সপ্তম তথা শেষ পর্যায়ের জন্য প্রচার অভিযান তুঙ্গে উঠেছে । এন ডি এর নেতা এবং অন্যান্য মিত্রজোট নির্বাচন অনুষ্ঠেয় অঞ্চলগুলিতে ধারাবাহিকভাবে বিভিন্ন নির্বাচনী প্রচার সভায় অংশগ্রহণ করছেন

। বিজেপির প্রবীণ নেতা তথা স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ উত্তরপ্রদেশের কুশী নগর ,সালেমপুর এবং সান্ডৌলী লোকসভা আসনের নির্বাচনী সভায় যোগ দেন । এদিকে বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা আজ বারাণসীতে বিভিন্ন কার্যসূচীতে তাঁতী ,মৃৎশিল্পী ,ভোটার তথা নাগরিকদের সঙ্গে মত বিনিময় করেন । জনতা দল ইউনাইটেডের সভাপতি এবং মূখ্যমন্ত্রী নীতিশ কুমার নালন্দা সংসদীয় আসনে নির্বাচনী প্রচার চালান ।
এদিকে কংগ্রেস নেত্রী প্রিয়ংকা গান্ধী আজ হিমাচল প্রদেশের চাম্বা ও শাহপুরে নির্বাচনী জনসভায় অংশ নেন । কংগ্রেসের প্রাক্তন সভাপতি রাহুল গান্ধী পাটনা সাহেব সংসদীয় আসনের খুসরুপুর এবং পাটলীপুত্র লোকসভা আসনের মনেরোতে নির্বাচনী প্রচার চালান ।

---------------------------------------------------------------------------

আগামী চৌঠা জুন দেশের অন্যান্য রাজ্যের সঙ্গে আসামের ১৪টি লোকসভা আসনের নির্বাচনের ভোট গণনার জন্য জেলা প্রশাসনসমুহ প্রস্তুতি শুরু করেছে ।বিভিন্ন জেলার ভোটগণনার প্রস্তুতি সম্পর্কে প্রশাসনগুলো বৈঠকে মিলিত হচ্ছে ।এদিকে নির্বাচন কমিশন আগামী চৌঠা জুন ভোট গণনার জন্য নিরাপত্তা ব্যবস্থা সহ  সব প্রস্তুতি গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট আধিকারীকদের নির্দেশ দিয়েছে ।রাজ্যের ১৪ টি লোকসভা আসনে মোট ১৪৩ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য বন্দি থাকা ইভিএম গুলো ৫০ টি ষ্ট্রংরুমে কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে রাখা হয়েছে ।ষ্ট্রংরুমগুলোতে ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা সহ প্রবেশ ও প্রস্থান দ্বারে সি সি ক্যামেরা দ্বারা নিরিক্ষণ অব্যাহত রয়েছে ।উল্লেখ্য রাজ্যে প্রথম পর্যায়ে রাজ্যের ৫ টি আসনে ৩৫ জন প্রার্থী , দ্বিতীয় পর্যায়ে শিলচর , করিমগঞ্জ আসন সহ ৫ টি আসনে ৬১ জন প্রার্থী এবং তৃতীয় পর্যায়ে ৪ টি আসনে ৬ জন মহিলা প্রার্থী সহ ৪৭ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।

---------------------------------------------------------------------------

আগামী চৌঠা জুন শিলচর লোকসভা আসনের নির্বাচনের ভোটগণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ট্রানসিট আধিকারীকদের সকাল সাতটায় রামনগর আই এস টি টি ক্যাম্পাসে রিপোর্ট করতে বলা হয়েছে ।গণনা প্রক্রিয়া শেষ হওয়ার পর সংশ্লিষ্ট হল ইনচার্জরা বরাদ্দকৃত দায়িত্ব থেকে সংশ্লিষ্ট কর্মচারীদেরকে রিলিজ

দেবেন ।সংশ্লিষ্ট আধিকারীকদের প্রশিক্ষণ আগামী বৃহস্পতিবার বেলা ১২ টায় শিলচর উন্নয়ন ভবনে অনুষ্ঠিত হবে । ভোটগণনার দিন সংশ্লিষ্ট আধিকারীকদের রামনগর আই এস টিটি যাওয়ার জন্য শিলচর ডাকবাংলো থেকে সকাল ৫ টা থেকে শাটল বাসের ব্যবস্থা করা হয়েছে ।আই এস টিটি ক্যাম্পাসের মধ্যে মোবাইল ফোন ব্যবহার কঠোরভাবে সীমাবদ্ধ তাই ট্রানসিট আধিকারীকদের ঐদিন মোবাইল ফোন বা কোন মূল্যবান বস্তু বহন না করার অনুরোধ করা হয়েছে ।উন্নয়ন ভবনের নীচের তলায় সংসদীয় নির্বাচন ২০২৪ পাস এন্ড ফটোগ্রাফি সেল থেকে আগামী দোসরা জুনের পূর্বে প্রয়োজনীয় পাস সংগ্রহ করতে বলা হয়েছে ।

------------------------------------------------------------------------

তিনসুকীয়া জেলায় ডাইরিয়া সদৃশ রোগে কয়েকজন চা শ্রমিকের মৃত্যুর পরিপ্রেক্ষিতে শ্রম মন্ত্রী সঞ্জয় কিষাণ বিভিন্ন বিভাগের আধিকারীক কর্মচারী সহ চাবাগান কর্তৃপক্ষের সঙ্গে এক বৈঠকে মিলিত হন ।এই রোগ প্রতিরোধ করা সহ এই রোগ থেকে পরিত্রাণের জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করতে শ্রম মন্ত্রী সংশ্লিষ্ট আধিকারীকদের নির্দেশ দেন ।এছাড়া জল জীবন মিশনের অধীনে বিশুদ্ধ পানীয়জল সরবরাহ সুনিশ্চিত করতে তিনি আধিকারীকদের নির্দেশ দেন ।জনস্বাস্থ্য কারিগড়ি বিভাগের দ্বারা নির্মীয়মান শৌচাগারগুলোর কাজ দ্রুত সম্পন্ন করতে তিনি বিভাগীয় কর্তৃপক্ষকে নির্দেশ দেন ।স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে চাবাগানগুলোর বিভিন্ন হাসপাতালে এবং স্বাস্থ্যকেন্দ্র সমুহে ৮১ জন সামুহিক স্বাস্থ্য আধিকারীককে নিযুক্তি দেওয়া হয়েছে বলেও মন্ত্রী জানান ।

------------------------------------------------------------------------

রাজ্যে অব্যাহত থাকা গরমের প্রকোপের পরিপ্রেক্ষিতে আজ থেকে বেশকয়েকটি জেলায় বিদ্যালয়ের পাঠদানের নতুন সময়সূচী অনুসারে পাঠদান আরম্ভ হয়েছে ।

বরাক উপত্যকার তিন জেলা কাছাড় ,করিমগঞ্জ ও হাইলাকান্দিতেও সরকারী নির্দেশে আজ সকাল সাড়ে ৭ টা থেকে সরকারি ও বেসরকারি বিদ্যালয়গুলিতে শিক্ষাদান আরম্ভ হয়েছে । নির্দেশ অনুসারে প্রাথমিক বিদ্যালয়ের পাঠদানের সময় সকাল সাড়ে ৭ টা থেকে বেলা ১২ টা ১৫ পর্যন্ত ,উচ্চ প্রাথমিক

বিদ্যালয়ে সকাল সাড়ে ৭টা থেকে বেলা ১২টা ৪৫ পর্যন্ত এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সময় সকাল সাড়ে ৭ টা থেকে ১ টা ১৫ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে । উল্লেখ্য জেলাগুলির বিদ্যালয়ে পাঠদানের এই নতুন সময়সূচী আজ থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বহাল থাকবে ।

---------------------------------------------------------------------------

রেলওয়ে সুরক্ষা বাহিনী ( আর পি এফ) ’র একটি দল আজ কামাখ্যা রেল ষ্টেশনের ৪ নম্বর প্লেটফর্মে অভিযান চালিয়ে জালনোট সহ দুজন সরবরাহকারীকে কে গ্রেপ্তার করেছে । ধৃত দুজন উত্তরপ্রদেশের বলে রেল সূত্রে জানা গেছে । তাদের কাছ থেকে ৫ লক্ষ ৭১ হাজার ৫০০ টাকার জাল নোট উদ্ধার করা হয়েছে ।জালনোটগুলো কোথা থেকে সরবরাহ করা হয়েছিল সেই বিষয়ে রেলওয়ে পুলিশ জেরা অব্যাহত রেখেছে ।

---------------------------------------------------------------------------

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের নির্দেশ অনুসারে রাজ্যের দূর্যোগ ব্যাবস্থাপনা বিভাগ বেশ কয়েকটি জেলায় রেড ও অরেঞ্জ এলার্ট জারি করেছে । সে অনুসারে কাছাড় ,করিমগঞ্জ , হাইলাকান্দি ও  ডিমা হাসাও জেলা সহ চিরাং ,গোয়ালপাড়া এবং বাক্সা জেলায় রেড এলার্ট জারি করা হয়েছে । এদিকে পশ্চিম কার্বি আংলং , ধুবরী, দক্ষিণ শালমারা ,বঙ্গাইগাঁও , ,দক্ষিণ শালমারা ,বজালী ,তামুলপুর ,বরপেটা ,নলবারী ,মরিগাঁও ,নগাঁও,এবং হোজাইয়ে অরেঞ্জ এলার্ট জারি করা হয়েছে ।

এদিকে জাতীয় দূর্যোগ ব্যাবস্থাপনা বাহিনীর উপ-মহাপরিদর্শক মোহসেন শ্বাহিদী বলেছেন যে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের সাম্প্রতিক তথ্য অনুসারে ঘূর্ণীঝড় রেমালের তীব্রতা হ্রাস পেয়েছে ।এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন যে প্রতি ঘন্টায় ১১০ থেকে ১২০ কিলোমিটার বেগে আসা রেমালের গতিবেগ বর্তমানে ৬০ থেকে ৭০ কলোমিটার হয়েছে । শ্রী শ্বাহিদী বলেন যে আজ রাতের মধ্যে এর গতিবেগ আরো হ্রাস পাবে বলে আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে ঘূর্ণিঝড় রেমালের প্রভাবের প্রতি লক্ষ্য রেখে আজ ও আগামীকাল গৌহাটী -শিলচর , শিলচর -আগরতলা

, শিলচর-দূর্লভছড়া , শিলচর-পূর্বোত্তর সম্পর্কক্রান্তি এক্সপ্রেস ট্রেন পরিষেবা বাতিল করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার বিপর্যয় শাখার পক্ষ থেকে রেমালের প্রভাবে জেলার উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সাথে অত্যধিক বৃষ্টিপাতের পূর্বাভাষ থাকার ফলে জনসাধারনের জীবন ও সম্পত্তি রক্ষার্থে কিছু নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । নিষেধাজ্ঞা অনুসারে জেলার সব নদী ও জলাশয়গুলিতে আজ ও আগামীকাল সাতার কাটা নিষিদ্ধ করা হয়েছে । এই দু দিন জেলায় কৃষি সংক্রান্ত কাজকর্ম যেমন চাষাবাদ , পশুচরাচর নিষিদ্ধ থাকছে । এছাড়া ফেরিঘাটের নৌকা চলাচল এবং নদী ও জলাশয়ে মাছধরা বন্ধ থাকবে । জনসাধারনের জীবন ও সম্পত্তি রক্ষার জন্য এই নির্দেশ জারী করা হয়েছে বলে জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে ।
এদিকে জেলা প্রশাসন থেকে দূর্যোগের সময় যোগাযোগের জন্য জরুরীকালীন ফোন নম্বর জানিয়ে দেওয়া হয়েছে । এই নম্বর হচ্ছে-০৩৮৪৪-১০৭৭ ।

---------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের স্নাতক স্তরের বিভিন্ন কোর্সে ভর্তির জন্য অ্যাডমিশন পোর্টাল আগামী ২৯শে মে থেকে চালু করা হচ্ছে । এই পোর্টালে আগামী ১৬ই জুন পর্য্যন্ত আবেদন করা যাবে এবং ২৪শে জুন প্রথম মেধা তালিকা প্রকাশ করা হবে । বিভিন্ন কোর্সে ভর্তির জন্য দ্বিতীয় মেধা তালিকা আগামী পয়লা জুলাই প্রকাশ করা হবে । এছাড়া প্রয়োজন হলে ১০ই জুলাই স্পট এডমিশনের সুবিধা থাকবে । ১১ই জুলাই থেকে ক্লাস শুরু হবে । এবছর ভর্তির ক্ষেত্রে সি ইউ ই টি পরীক্ষা বাধ্যতামূলক হবে না । বিশদ বিবরন বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------

শহীদ কনকলতা জন্ম শতবার্ষিকী উদযাপন সমিতির উদ্যোগে আজ আইরংমারা প্রাথমিক বিদ্যালয়ে কনকলতা বরুয়ার আত্মবলিদানের ইতিহাস ও জীবন সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবগত করতে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে । দুলালী গাঙ্গুলীর পৌরহিত্যে

আয়োজিত আলোচনা সভায় মূখ্য বক্তা হিল্লোল ভট্টাচার্য্য শহীদ কনকলতার জীবন ও স্বাধীনতা সংগ্রামে তার অবদান নিয়ে আলোচনা করেন ।

------------------------------------------------------------------------

শ্রীকোনা হাইস্কুলের সীমানা এবং শৌচালয় নির্মানের জন্য কাছাড় জেলা প্রশাসনের সঙ্গে পাওয়ার গ্রীড কর্পোরেশনের এক চুক্তি সাক্ষর করা হয়েছে । আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ে আয়োজিত এক সভায় জেলা প্রশাসনের পক্ষে আয়ুক্ত রোহন কুমার ঝা এবং পাওয়ার গ্রীড কর্পোরেশনের ডি জি এম অনিন্দ দেবলস্কর উপস্থিত ছিলেন । এ বিষয়ে জেলা আয়ুক্ত শ্রী ঝা জানান যে ১১ লক্ষ টাকা ব্যয়ে শ্রীকোনা হাইস্কুলের সীমানা এবং শৌচালয় নির্মান করা হবে ।

------------------------------------------------------------------------

হাইলাকান্দি শহরের এস এস রোডে আজ পুলিশের গুলিতে আফজল হোসেন বড়ভুইয়া নামের এক ডাকাতের মৃত্যু হয়েছে । আফজলের সহযোগী গাড়িচালক এনাম উদ্দিনকে পুলিশ গ্রেপ্তার করেছে । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে বরাক উপত্যকার বিভিন্ন থানায় আফজলের বিরুদ্ধে ৮টি মামলা রয়েছে । কাছাড় জেলার উধারবন্দের বাসিন্দা আফজলকে আটক করার জন্য শিলচর পুলিশের একটি দল হাইলাকান্দিতে অপেক্ষা করছিল । ডাকাত আফজল আজ সকাল সাড়ে ১১টায় হাইলাকান্দি শহরের এস এস রোডে আসার পর পুলিশের দলটি গাড়িটিকে ঘিরে ফেলে । সেসময় গাড়ির ভিতর থেকে আফজল গুলি চালালে পুলিশও প্রতুত্তরে গুলি চালায় । ঘটনায় ডাকাত আফজল হোসেন বড়ভুইয়ার মৃত্যু হয়েছে ।

------------------------------------------------------------------------